



চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

২৩ মে ২০২৩

মদীনার পথে চট্টগ্রামের ৪১৯ হাজী, শুভেচ্ছা জানালেন মেয়র

ফুলের শুভেচ্ছা আর ধর্মীয় ভাবগান্তীয়ের মধ্য দিয়ে চট্টগ্রাম শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দর থেকে চট্টগ্রামের ৪১৯ জন হজযাতী প্রথম হজ ফ্লাইটে মদীনার উদ্দেশ্যে যাত্রা করেছেন।

মঙ্গলবার (২৩ মে) ভোর ৩ টা ২৫ মিনিটে মদীনার উদ্দেশ্যে ছেড়ে যাওয়া বাংলাদেশ বিমানের ফ্লাইটটির উদ্বোধন করেন চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী। উদ্বোধন অনুষ্ঠানে হজযাতীদের সুবিদার্থে সরকারের গৃহিত কর্মপরিকল্পনা তুলে ধরেন মেয়র। এরপর হজযাতীদের ফুলের শুভেচ্ছা জানিয়ে তাদের বিমানে তুলে দেন মেয়র রেজাউল।

চলতি হজ মৌসুমে চট্টগ্রাম থেকে মদিনা ও জেদায় ২২টি ডেডিকেটেড হজ ফ্লাইট পরিচালনা করবে বাংলাদেশ বিমান। এসব ফ্লাইটে ১০ হাজার ৫০০ হজযাতী বহন করা হবে। আগামী ২২ জুন চট্টগ্রাম থেকে সর্বশেষ হজ ফ্লাইট যাবে বলেও জানান তিনি। গতবছর চট্টগ্রাম থেকে জেদা ও মদিনা রুটে ১১টি ফ্লাইট গেলেও এবার ১১টি বাড়িয়ে ২২টি করা হয়েছে। এর মধ্যে ৬টি যাবে মদিনায়। এসব ফ্লাইটে ১০ হাজারের বেশি হজযাতী পরিবহন করা হবে। গত বছর চট্টগ্রাম থেকে হজযাতীর সংখ্যা ছিল পাঁচ হাজার। এবার সংখ্যা বেড়ে দিগ্ননের বেশি ১০ হাজার ৫০০ জনে দাঁড়িয়েছে। এসময় উপস্থিত ছিলেন বিমান বাংলাদেশ এয়ারলাইপ্সের মহাব্যবস্থাপাক (বিপণ) মো. সালাহউদ্দিন, মহাব্যবস্থাপাক (জনসংযোগ) তাহেরো খন্দকার, শাহ আমানত আন্তর্জাতিক বিমান বন্দরের পরিচালক গ্রুপ ক্যাপ্টেন তাসলিম আহমেদ, হজ এজেন্সি অ্যাসোসিয়েশন বাংলাদেশ (হাব) চট্টগ্রাম জোনের চেয়ারম্যান মো. শাহ আলম, এসোসিয়েশন অব ট্রাভেল এজেন্সিস অব বাংলাদেশ (আটাব) চট্টগ্রামের সভাপতি মো. আরু জাফর।

প্রধানমন্ত্রীকে হৃষ্মকিদাতার দৃষ্টান্তমূলক শাস্তির দাবি চসিক মেয়রের

প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে হত্যার হৃষ্মক দেয়া ব্যক্তির দৃষ্টান্তমূলক শাস্তি চান চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী। সোমবার এক বিবৃতিতে মেয়র বলেন, পঁচাত্তরের ঘাতকদের প্রেতাত্মা দেশের চলমান উন্নয়নের ধারা দেখে ঈর্ষাচ্ছিত।

হায়েনাদের এই দলের একজন প্রতিনিধি চলমান উন্নয়নের রূপকার প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে হত্যার হৃষ্মক দিচ্ছে। এই হৃষ্মকিদাতাকে এমন দৃষ্টান্তমূলক শাস্তি দিতে হবে যাতে আর কেউ পঁচাত্তরের পুনরাবৃত্তি ঘটানোর কথা ভাবতেও ভয় পায়। জাতীয় নির্বাচনকে কেন্দ্র করে ষড়যন্ত্র হচ্ছে মন্তব্য করে মেয়র বলেন, একাত্তরে পরাজিত স্বাধীনতাবিরোধী গোষ্ঠী পিছনের দরজা দিয়ে ক্ষমতার অন্দরমহলে প্রবেশের দিবাস্পন্ধ দেখছে। এই হৃষ্মকি সেই দু:স্বপ্নেরই অংশ। নির্বাচন ছাড়া কোন ধরনের ষড়যন্ত্রের মাধ্যমে কেউ ক্ষমতায় আসার চেষ্টা করলে তাকে প্রতিহত করতে চট্টগ্রামের জনগণকে নিয়ে মাঠে নামব। একাত্তরে একবার মুক্তিযুদ্ধ করে দেশ স্বাধীন করেছি, প্রয়োজনে প্রধানমন্ত্রীর নেতৃত্বে দেশের স্বাধীনতা আর উন্নয়নের ধারাবাহিকতা রক্ষায় আবারো যুদ্ধ করব।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৮৮৮